

জাতীয় প্রাথমিক শিক্ষা সপ্তাহ

ময়মনসিংহ ও পঞ্চগড়ে
শিক্ষা মেলা

সংবাদ জাতীয় ডেস্ক

জাতীয় প্রাথমিক শিক্ষা সপ্তাহ উপলক্ষে 'জাতির জন্য অহঙ্কার, শতভাগ ভর্তির হার'-স্লোগানকে সামনে রেখে ময়মনসিংহ ও পঞ্চগড়ে দুই দিনব্যাপী শিক্ষা মেলা শুরু হয়েছে। বিস্তারিত প্রতিনিধিদের পাঠানো বহরে-

ময়মনসিংহ : শনিবার দুপুরে শহরের নওমহল সরকারি প্রাথমিক বিদ্যালয় মাঠে আয়োজিত মেলার উদ্বোধন করেন অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও উন্নয়ন) মাহবুব আলম তালুকদার।

জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা শিবপদ দে'র সভাপতিত্বে শিক্ষা মেলার উদ্বোধনী অনুষ্ঠানে বক্তব্য রাখেন ময়মনসিংহ পিটিআই এর সুপার আলী রেজা, সহকারী জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা আবু হারেছ, তাহমিনা খাতুন, সদর উপজেলা শিক্ষা কর্মকর্তা আবদুচ্চাহ আল বাকী, ফুলবাড়ীয়া উপজেলার মোস্তাফিজুর রহমান, মুক্তাপাড়ার মো. রোকুন-উজ্জ্ব জামান, গফরগাঁওয়ের মাহবুব আলম, ধোবাউড়ার শফিকুল ইসলাম, ফুলপুরের ফজলুল হক, প্রমুখ।

মেলায় ১২টি উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন। পরে অতিথিবৃন্দ মেলায় প্রদর্শিত বিভিন্ন স্টল ঘুরে দেখেন। অনুষ্ঠানে বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানের অংশগ্রহণে সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়।

পঞ্চগড় : শনিবার থেকে পঞ্চগড়ে ২নং সরকারি প্রাথমিক বিদ্যালয় চত্বরে শুরু হয়েছে দুই দিনব্যাপী শিক্ষা মেলা। 'জাতির জন্য অহঙ্কার শতভাগ ভর্তির হার' এই স্লোগান নিয়ে জেলা প্রাথমিক শিক্ষা বিভাগ এই মেলার আয়োজন করে।

অতিরিক্ত জেলা প্রশাসক আহমেদ কবীর প্রধান অতিথি হিসেবে মেলার উদ্বোধন করেন। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার মো. জুগফিকার হারুনের সভাপতিত্বে অনুষ্ঠিত উদ্বোধনী অনুষ্ঠানে জেলা প্রাথমিক শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক মো. মনির হোসেন, প্রধান শিক্ষক উম্মে শাহিনা বক্তব্য দেন।

মেলা উপলক্ষে প্রতিদিন সাংস্কৃতিক অনুষ্ঠান, আলোচনা সভা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। মেলায় বিভিন্ন উপকরণ নিয়ে ১০টি স্টল স্থান পেয়েছে।